আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ ও বাল্যবিবাহ রোধে ইয়ুথ ফোরাম নানা ভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করছে”।

তার ধারাবাহিকতায় আজ রবিবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে ইয়ুথ ফোরাম এর দায়-দায়িত্ব বিষয়ক প্লানিং ও ওরিয়েন্টেশন সভার আয়োজন করা হয় ।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচী বাস্তবায়ন করছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নির্বাহী প্রধান আশাদুজজ্জামান সেলিমের সভাপতিত্বে মেহেরপুর জেলার সার্বিক শিক্ষার সুযোগ, শিক্ষার বাস্তবতা, ঝরেপড়া রোধ, শিশুদের বিদ্যালয়ে আনন্দঘন পরিবেশে পাঠদান, বিদ্যালয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে এবং বাল্যবিবাহ রোধে ইয়ুথদের ভূমিকা বিষয়ে আলোচনা করা হয়।

এসময় মানব উন্নয়ন কেন্দ্র মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা, প্রকল্পের সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য, গণমাধ্যমকর্মী সহ মেহেরপুর সদর উপজেলার আমদহ, আমঝুপি ও বারাদী ইউনিয়নের যুব প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মউকের আয়োজনে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরে উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজার দের সঙ্গে দিন ব্যাপী ইন্কুসিভ ও এক্সক্লুসিভ এডুকেশন বিষয়ে এক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল দশটার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউকের হলরুমে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউকের আয়োজন এ সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো উবায়দুল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: মনিরুল ইসলাম , রিসোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন সিডিডিএর কো-অর্ডিনেটর মো: জাহাঙ্গীর আলম, মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, পোগ্রাম ম্যানেজার আবদুল করিম, শিরিন আকতার, আব্দুললাহ আল মামুন।

কর্মশালায় সবার জন্য মানসম্মত শিক্ষা, একীভূত শিক্ষা ও প্রতিবন্ধী শিশুর শিক্ষা অধিকার বিষয়ে আলোচনায় করা হয়। মেহেরপুর সদর উপজেলার উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে ৭০ জন শিক্ষক শিক্ষিকা এ অনুষ্ঠানে অংশ গ্রহন করে।

অনুষ্ঠান টি পরিচালনা করেন ডিপিএম সাদ আহাম্মদ।